



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৪০৭

তাং- ৩০ নভেম্বর ২০২৩ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

“গণতন্ত্র, উন্নয়ন ও নির্বাচন: প্রেক্ষিত বাংলাদেশ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ক্যাম্পেইন অ্যাডভোকেসী প্রোগ্রাম আয়োজিত বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের অংশগ্রহণে ‘গণতন্ত্র, উন্নয়ন ও নির্বাচন: প্রেক্ষিতে বাংলাদেশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে উক্ত সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, গণতন্ত্র, উন্নয়ন ও নির্বাচন সহজাতভাবে সংযুক্ত এবং তা যে কোন জাতির অগ্রগতির তিনটি বিল্ডিং ব্লক। বাংলাদেশে গত পনের বছরে গৃহীত বা বাস্তবায়িত অর্থনৈতিক, সামাজিক, অবকাঠামোগত ও প্রযুক্তিগত ক্ষেত্রে উন্নয়নমূলক কার্যক্রমের কথা উল্লেখ করে তিনি এই অসাধারণ অগ্রগতির জন্য গণতন্ত্রের ভূমিকার উপর জোর দেন। তিনি বলেন, যদিও গণতান্ত্রিক অনুশীলন ছাড়াই উন্নয়ন হতে পারে, এবং এই ধরনের ঘটনার বিশ্বে অনেক উদাহরণ রয়েছে, তবে উন্নয়ন টেকসই এবং অন্তর্ভুক্তিমূলক করার জন্য গণতান্ত্রিক প্রক্রিয়া ও নির্বাচনের কোন বিকল্প নাই।

মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন আগামী নির্বাচনে সকল নাগরিক ও রাজনৈতিক দলের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে দেশের অব্যাহত অগ্রগতির স্বপতি হিসেবে কাজ করা, বাংলাদেশের অগ্রযাত্রায় সহায়ক ভূমিকা পালন করা ও গণতান্ত্রিক নীতিগুলোকে রক্ষা করার আহ্বান জানান।

ঢাবি ফার্মেসি অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছারের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ. এস.এম. মাকসুদ কামাল। আরও উপস্থিত ছিলেন ঢাবি টেলিভিশন ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এজিএম শফিউল আলম ভূঁইয়া, ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নিজামুল হক ভূঁইয়া, কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৌমিত্র শেখর প্রমুখ।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি